



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমন্বয় বিভাগ

www.badc.gov.bd


স্মারক নং- ১২.০৬.০০০০.২০৯.২৩.০০১.১৯.২১৭

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ।
০৭ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক জাতীয় শিশু দিবস, গণহত্যা দিবস, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর সম্মেলন কক্ষে জাতীয় শিশু দিবস, গণহত্যা দিবস, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা বিগত ০৬ মার্চ ২০১৯ তারিখ অনুষ্ঠিত হয়। সভায় গৃহীত কর্মসূচি মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০২. বিএডিসি'র আওতাধীন মাঠ পর্যায়ে সকল অফিসসমূহে সভার কার্যবিবরণী প্রেরণের জন্য সংশ্লিষ্ট বিভাগসমূহকে অনুরোধ করা হলো।



মোঃ শাহিন মিয়া

উপসচিব

সমন্বয় বিভাগ, বিএডিসি, ঢাকা।

ফোনঃ ৯৫৬৮১১৫।

e-mail: ds_coordination@badc.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সদস্য পরিচালক (বীজ ও উদ্যান/অর্থ/সার ব্যবস্থাপনা/ক্ষুদ্রসেচ), বিএডিসি, ঢাকা।
০২. সচিব, বিএডিসি, ঢাকা।
০৩. উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. মহাব্যবস্থাপক (বীজ/সার ব্যবস্থাপনা/উদ্যান উন্নয়ন/এএসসি/পাটবীজ/অর্থ/ক্রয়/তদন্ত), বিএডিসি, ঢাকা।
০৫. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সংরক্ষণ ও কারখানা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
০৬. প্রধান (পরিকল্পনা/মনিটরিং) বিএডিসি, ঢাকা।
০৭. হিসাব নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
০৮. অতিরিক্ত মহাব্যবস্থাপক (আলু বীজ/কঃগ্রোঃ/বীপ্রস/খামার/বীবি), বিএডিসি, ঢাকা।
০৯. যুগ্মসচিব (সংস্থাপন/নিয়োগ ও কল্যাণ/সংগঠন ও ব্যবস্থাপনা/সাধারণ পরিচর্যা), বিএডিসি, ঢাকা।
১০. যুগ্মপরিচালক (ডাল ও তৈলবীজ/সবজি বীজ), বিএডিসি, ঢাকা।
১১. জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
১২. প্রধান চিকিৎসক, বিএডিসি, ঢাকা।
১৩. উপপ্রধান প্রকৌশলী (জরিপ ও অনুসন্ধান/মিশু), বিএডিসি, ঢাকা।
১৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
১৫. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬. সভাপতি/সাধারণ সম্পাদক, বিএডিসি শ্রমিক কর্মচারী লীগ, রেজি নং-১৯০৩ (সিবিএ), বিএডিসি, ঢাকা।

১৭. সভাপতি/সাধারণ সম্পাদক (বেঙ্গবন্ধু পরিষদ, বিএডিসি শাখা/বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, বিএডিসি প্রাতিষ্ঠানিক ইউনিট কমান্ড/বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, বিএডিসি প্রাতিষ্ঠানিক ইউনিট মুক্তিযোদ্ধার সন্তান কমান্ড/বিএডিসি কৃষিবিদ সমিতি/বিএডিসি অফিসার্স এসোসিয়েশন/বিএডিসি প্রকৌশলী সমিতি/বিএডিসি অফিসার্স ফোরাম/বিএডিসি ডিপ্লোমা কৃষিবিদ সমিতি/বিএডিসি ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন/বিএডিসি উইমেন'স এসোসিয়েশন), বিএডিসি, ঢাকা।
১৮.
১৯. অফিস কপি।



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন(বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমন্বয় বিভাগ

www.badc.gov.bd

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক জাতীয় শিশু দিবস, গণহত্যা দিবস, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ফজলে ওয়াহেদ খোন্দকার, চেয়ারম্যান, বিএডিসি।
তারিখ ও সময় : ০৬ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ; সকাল ১০:৩০ ঘটিকা।
স্থান : সংস্থার সম্মেলন কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট - ক।

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ১৭ মার্চ ২০১৯ তারিখ জাতীয় শিশু দিবস এবং ২৫ মার্চ ২০১৯ তারিখ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ ২০১৯ তারিখ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে আলোচনার সূত্রপাত করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপসচিব (সমন্বয়) জাতীয় শিশু দিবস, গণহত্যা দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ যথাযোগ্য মর্যাদায় উদযাপন এর লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের কর্মসূচি ও বিএডিসি'র প্রস্তাবিত কর্মসূচিসমূহ উপস্থাপন করেন।

০২. বিস্তারিত আলোচনার পর ১৭ মার্চ ২০১৯ তারিখ জাতীয় শিশু দিবস, ২৫ মার্চ ২০১৯ তারিখ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ ২০১৯ তারিখ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গৃহীত হয়ঃ

ক্রঃ নং	বিএডিসি কর্তৃক গৃহীত কর্মসূচি	বাস্তবায়নকারী বিভাগ/কর্তৃপক্ষ
	১৭ মার্চ ২০১৯ তারিখ জাতীয় শিশু দিবস উপলক্ষে কর্মসূচিঃ	
০১.	জাতীয় শিশু দিবস উপলক্ষে আগামী ১৭ মার্চ ২০১৯ তারিখ রোজ রবিবার মিরপুরস্থ বিএডিসি স্টাফ কোয়ার্টার স্কুল প্রাঙ্গণে সকাল ১০:০০ ঘটিকায় শিশু-কিশোরদের মাঝে চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ।	০১. সাধারণ পরিচর্যা বিভাগ। ০২. প্রধান শিক্ষক (বিএডিসি উচ্চ বিদ্যালয়)। ০৩. বিএডিসি'র সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।
০২.	জাতীয় শিশু দিবস উপলক্ষে আগামী ১৭ মার্চ ২০১৯ তারিখ রোজ রবিবার বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণকে স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানে সক্রিয়ভাবে অংশগ্রহণ করা। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ মাঠ পর্যায়ের অফিস প্রধানকে বিষয়টি অবহিত করবেন।	০১. সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধান। ০২. মাঠ পর্যায়ের সকল অফিস প্রধান।
	২৫ মার্চ ২০১৯ তারিখ গণহত্যা দিবস উপলক্ষে কর্মসূচিঃ	
০৩.	২৫ মার্চ ২০১৯ তারিখ রোজ সোমবার বাদ যোহর কৃষিভবনস্থ মসজিদে জাতির শান্তি, সমৃদ্ধি, দেশের উন্নয়ন, অগ্রগতি এবং ২৫ মার্চ রাতে ও স্বাধীনতায়ুদ্ধে সকল শহিদদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাতের আয়োজন করা এবং বিএডিসি'র আওতাধীন মাঠ পর্যায়ের সকল মসজিদে বাদ যোহর বিশেষ মোনাজাত এবং অন্যান্য উপাসনালয়ে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা।	০১. সাধারণ পরিচর্যা বিভাগ। ০২. নিয়োগ ও কল্যাণ বিভাগ। ০৩. বিএডিসি'র সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

	বিএডিসি কর্তৃক গৃহীত কর্মসূচি	বাস্তবায়নকারী বিভাগ/কর্তৃপক্ষ
০৪.	ক. ২৫ মার্চ ২০১৯ তারিখ রোজ সোমবার বিকাল ৩:০০ টায় ঢাকাস্থ বিএডিসি'র সকল কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতিতে কৃষি ভবনের সম্মেলন কক্ষে (২য় তলা) গণহত্যার ওপর মুক্তিযোদ্ধাদের কঠোর স্মৃতিচারণ, “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৭ মার্চের ভাষণের তাৎপর্য এবং দেশের উন্নয়ন অগ্রগতি” বিষয়ে আলোচনা সভার আয়োজন। খ. গণহত্যার ওপর দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শন। গ. আলোচনা সভায় বিএডিসিতে কর্মরত/অবসর প্রাপ্ত মুক্তিযোদ্ধা কর্মকর্তা ও কর্মচারীদের আমন্ত্রণ জানানো।	০১. সাধারণ পরিচর্যা বিভাগ। ০২. জনসংযোগ বিভাগ। ০৩. নির্মাণ বিভাগ। ০৪. বিএডিসি'র সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।
০৫.	২৫ মার্চ ২০১৯ তারিখ রোজ সোমবার কৃষি ভবন, সেচ ভবন, বীজ ভবন এবং বিএডিসি'র সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীদের রাত ০৯:০০-০৯:০১ পর্যন্ত ০১ মিনিট প্রতীকি ব্ল্যাক-আউট পালন।	০১. সাধারণ পরিচর্যা বিভাগ। ০২. বিএডিসি'র সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।
০৬.	২৫ মার্চ ২০১৯ তারিখ রোজ সোমবার বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণের স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত গণহত্যা দিবসের অনুষ্ঠানে সক্রিয়ভাবে অংশগ্রহণ। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে বিষয়টি অবহিত করবেন।	০১. সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধান। ০২. মাঠ পর্যায়ের সকল অফিস প্রধান।
০৭.	গণহত্যা দিবস উপলক্ষে ২৫ মার্চ ২০১৯ তারিখ রোজ সোমবার বিএডিসি'র আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচির সাথে সঙ্গতি রেখে গণহত্যার স্মৃতিচারণ ও আলোচনা সভার আয়োজন।	০১. নিয়োগ ও কল্যাণ বিভাগ। ০২. সকল প্রধান শিক্ষক।
	২৬ মার্চ ২০১৯ তারিখ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে কর্মসূচিঃ	
০৮.	মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে ২৬ মার্চ ২০১৯ তারিখ রোজ মঙ্গলবার কৃষি ভবন, সেচ ভবন, বীজ ভবন এবং বিএডিসি'র আওতাধীন মাঠ পর্যায়ের সকল অফিসসমূহ ও শিক্ষা প্রতিষ্ঠানে Peoples Republic of Bangladesh Flag Rules, 1972 অনুযায়ী সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা সূর্যোদয়ের সাথে সাথে উত্তোলন করা এবং সূর্যাস্তের পর নামানো।	০১. সাধারণ পরিচর্যা বিভাগ। ০২. বিএডিসি'র সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।
০৯.	২৬ মার্চ ২০১৯ তারিখ রোজ মঙ্গলবার কৃষি ভবনের ছাদে সঠিক মাপ ও রঙের বৃহদাকারের জাতীয় পতাকা সূর্যোদয়ের সাথে সাথে উত্তোলন করা এবং সূর্যাস্তের পর নামানো।	সাধারণ পরিচর্যা বিভাগ।
১০.	২৬ মার্চ ২০১৯ তারিখ রোজ মঙ্গলবার সকাল ৬:১৫ ঘটিকায় কৃষি ভবন হতে রওনা হয়ে বিএডিসি কর্তৃক সম্মিলিতভাবে সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা। সাধারণ পরিচর্যা বিভাগ বিএডিসি'র কর্মকর্তা ও কর্মচারীদের সাভারে যাতায়াতের সুবিধার্থে প্রয়োজনীয় যানবাহনের ব্যবস্থা গ্রহণ করবে।	০১. সাধারণ পরিচর্যা বিভাগ। ০২. বিএডিসি'র সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।
১১.	২৬ মার্চ ২০১৯ তারিখ রোজ মঙ্গলবার কৃষি ভবন, সেচ ভবন ও বীজ ভবনে আলোক সজ্জার আয়োজন করা এবং কৃষি ভবন বিভিন্ন রং এর পতাকা দ্বারা সজ্জিত/শোভিত করা।	০১. নির্মাণ বিভাগ। ০২. সাধারণ পরিচর্যা বিভাগ। ০৩. সংশ্লিষ্ট সকল বিভাগ।
১২.	মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ উপলক্ষে ২৬ মার্চ ২০১৯ তারিখ বিএডিসি'র আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচির সাথে সঙ্গতি রেখে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের অনুষ্ঠানের আয়োজন।	০১. নিয়োগ ও কল্যাণ বিভাগ। ০২. সকল প্রধান শিক্ষক।

	বিএডিসি কর্তৃক গৃহীত কর্মসূচি	বাস্তবায়নকারী বিভাগ/কর্তৃপক্ষ
১৩.	বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণের স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ এর অনুষ্ঠানে সক্রিয়ভাবে অংশগ্রহণ। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ মাঠ পর্যায়ের অফিস প্রধানকে বিষয়টি অবহিত করবেন।	০১. সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধান। ০২. মাঠ পর্যায়ের সকল অফিস প্রধান।

০৩. ২৫ মার্চ ২০১৯ ও ২৬ মার্চ ২০১৯ তারিখ সাধারণ পরিচর্যা বিভাগ, বিএডিসি কর্তৃক আপ্যায়নের ব্যবস্থা করার সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

০৪. জাতীয় শিশু দিবস, গণহত্যা দিবস, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে ব্যয় নির্বাহের নিমিত্ত সংশ্লিষ্ট বিভাগের চাহিদার ভিত্তিতে প্রয়োজনীয় অর্থ, অর্থ বিভাগ, বিএডিসি'র মাধ্যমে নির্বাহের সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

০৫. সভাপতি জাতীয় শিশু দিবস, গণহত্যা দিবস, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে প্রয়োজনীয় সকল প্রস্তুতি যথাসময়ে গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে সভায় অনুরোধ জানান এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (মোঃ ফজলে ওয়াহেদ খান্দকার)
 চেয়ারম্যান, বিএডিসি।